

আহমেদ সাবের

অস্ত্র

কেমন অনায়াসেই বেরিয়ে এলাম।

দুয়ারে প্রহরী ছিল, যম দূত যেন।
তাদের মার্বেল চোখ, বিদ্ধ করে রেখেছে আমাকে।
দরোজায় রবোটেরা তন্ন তন্ন করে
খুঁজেছে আমার দেহ, দেহ বাঁক, অন্ধি সন্ধি সব।
যন্ত্রের প্রখর চোখ, নাঙা করে দেখেছে আমাকে, যদি অস্ত্র মিলে।

কেমন অনায়াসেই বেরিয়ে এলাম, সকল বাধার পাহাড় ডিঙিয়ে,
বেরিয়ে এলাম সচ্ছন্দে।
ওরা কেমন বোকা দেখো, যত্র তত্র খুঁজে যাচ্ছে অস্ত্রের বহর -
বাক্সেয়, তোরঙ্গে, ব্যাগে, মানিব্যাগ, জুতো কিংবা মাথার টুপি তে।

অথচ, আমার মাথার মধ্যে ফেলে রাখা ভয়ঙ্কর অস্ত্রের ভান্ডার,
ওরা কোন দিন খুঁজেও দেখেনি।

www.Gric.org 10 2006